গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি ওয়েস্ট শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) এর ফিডব্যাক প্রদান এবং অক্টোবর, ২০২১ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৮ অক্টোবর, ২০২১
সময় : বেলা ১২.৩০ মিনিট
স্থান : অনলাইনে (জুম এ্যাপস)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রথম প্রান্তিকের প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান এবং অক্টোবর, ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং অক্টোবর, ২০২১ মাসের NIS বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়।

২.১ সকল দপ্তর/সংস্থা দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, প্রতিবেদন সঠিক সময়ে প্রেরণ এবং বাস্তবায়ন অগ্রগতির প্রমানক পাওয়া যায়। সভায় যে সকল কার্যক্রমের প্রমাণক সঠিকভাবে প্রেরণ করা হয়নি সে বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। বিশেষ করে NIS ক্রম ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) কর্ম-পরিকল্পনার প্রতিবেদনের সাথে প্রমাণক হিসেবে ছবি প্রেরণ করার উপর গুরুত্বারোপ করা হয়। সকল কার্যক্রমের বাস্তবান ও প্রমাণকের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের NIS কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ অনুসরণের পরামর্শ প্রদান করা হয়।

২.২ অধীন সংস্থাসমূহের দ্বিতীয় প্রান্তিকের অক্টোবর, ২০২১ এর NIS কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কোন কোন ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে সে সকল বিষয়ে আলোচনা হয়।

২.৩ NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রমের বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার সর্বাত্মক প্রচেষ্টা নেয়ার উপর সভা গুরুত্বারোপ করে। সভায় বিশেষ করে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা কার্যক্রম বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে। যে সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন চ্যালেঞ্জিং সে সকল কার্যক্রম বাস্তবায়নে অধিকতর সাবধারতা অবলম্বন করতে হবে। সভাপতি বলেন, দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন করতে হবে। নৈতিকতা কমিটির সভার পুর্বে কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। পূর্বের ন্যায় অর্জনের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | NIS ক্রম ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রমের প্রমাণক আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি |
| (২) | NIS ক্রম ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন কার্যক্রমের প্রশিক্ষণের নোটিশ আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (৩) | NIS ক্রম ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) কর্ম-পরিকল্পনার প্রতিবেদনের সাথে প্রমাণক হিসেবে ছবি আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ঢাকা বিআরটি |
| (৪) | NIS ক্রম ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ কার্যক্রমে মন্ত্রণালয়ে প্রেরণের পত্রের কপি আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়া ওয়েবসাইটে আপলোডকরণ কার্যক্রমে নির্ধারিত তারিখ ছিল ১০.০৭.২০২১ কিন্তু লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে নির্ধারিত তারিখের পরে ২৮.০৭.২০২১ তারিখে এর কারণ উল্লেখপূর্বক আগামী তিন কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা দিতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ |
| (৫) | NIS ক্রম ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ কার্যক্রমের প্রমাণক আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |
| (৬) | NIS ক্রম ৩.৩ প্রধান কার্যালয় কর্মকর্তা কর্তৃক ডিপোর অপারেশন, রক্ষণাবেক্ষণ মনিটরিং কার্যক্রমের মনিটরিং প্রতিবেদন ও বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |
| (৭) | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৮) | NIS ক্রম ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের বিষয়ে তৎপর থাকতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/ডিটিসিএ/বিআরটিসি |
| (৯) | সকল সংস্থা ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল কার্যক্রমের বাস্তবান ও প্রমাণকের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের NIS কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ অনুসরণ করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (১০) | ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ দ্বিতীয় প্রান্তিকের কার্যক্রমসমূহের সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রমাণকসমূহ নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৪.০ আর কোনো আলোচনা না থাকায় এবং সকলের সহযোগিতার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮/১০/২১
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৬২.০৬.০০৯.২১-৭৬

তারিখ : ১২ কার্তিক, ১৪২৮
২৮ অক্টোবর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

28/10/2021

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd